



ছেলেদের ফুটবলে  
রেফারি সালমার  
ইতিহাস ১৪

রোহিঙ্গা সংকট  
নিয়ে ড. ইমতিয়াজ  
আহমেদের নিবন্ধ ৪



প্রতিনিয়ত  
নিজেকে নতুনভাবে  
উপস্থাপন করি ৫



মূল কাগজের ভেতরে  
ফিচার আয়োজন  
সুহৃদ সমাবেশ

# আন্তর্জাতিক কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতায় ঢাবির প্রথম স্থান অর্জন

## ■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

আন্তর্জাতিক কম্পিউটার প্রোগ্রামিং প্রতিযোগিতা 'ইন্টারন্যাশনাল কলেজিয়েট প্রোগ্রামিং কনটেস্টে'র (আইসিপিপি) দক্ষিণ এশিয়া আঞ্চলিক পর্বে প্রথম স্থান অর্জন করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের আর্থিক সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ গত শনিবার অনলাইনে দিনব্যাপী এ প্রতিযোগিতার আয়োজন করে। প্রতিযোগিতার ফলাফল গতকাল সোমবার প্রকাশ করা হয় বলে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে জানানো হয়েছে।

প্রতিযোগিতায় বাংলাদেশের ১০৮টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় অংশ নেয়। আঞ্চলিক পর্বে বিজয়ীরা 'আইপিপি ওয়ার্ল্ড ফাইনালে' অংশ নেবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ প্রতিবছর এ প্রতিযোগিতায় আঞ্চলিক পর্বে অংশ নিয়ে আসছে এবং এর ফাইনালে একাধিকবার অংশ নিয়েছে।